

■■ কুরআন ও সহীহ হাদীসের আলোকে জামা'আতে সালাত আদায় [বিধান, ফ্যীলত, ফায়েদা ও নিয়ম-কানূন]

বিভাগ/অধ্যায়ঃ জামা'আতে সালাত আদায় করতে যাওয়ার নিয়ম-কানূন রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১০. মসজিদে ঢুকার সময়টি কোনো ফরয সালাতের সময় না হয়ে থাকলে অন্ততপক্ষে দু' রাকাত তাহিয়্যাতুল-মাসজিদের সালাত পড়ে নিবে:

আর তা কোনো ফরয সালাতের সময় হয়ে থাকলে তদুপরি নিজ ঘরে সে সালাতের নিয়মিত সুন্নাতটুকু না পড়ে থাকলে উক্ত সুন্নাতটুকু মসজিদেই পড়ে নিবে। এতে করে মসজিদে ঢুকে দু' রাকাত তাহিয়্যাতুল-মাসজিদের সালাত আদায়ের দায়িত্বটুকু আদায় হয়ে যাবে। আর সে সালাতের নিয়মিত সুন্নাতটুকু নিজ ঘরে পড়ে থাকলে মসজিদে এসে শুধু দু' রাকাত তাহিয়্যাতুল-মাসজিদের সালাতই পড়ে নিবে। এমনকি সে সালাতের আগে কোনো নিয়মিত সুন্নাত না থাকলে কমপক্ষে সে সালাতের আযান ও ইকামতের মধ্যকার দু' রাকাত নফল সালাতই আদায় করে নিবে। এতে করে মসজিদে ঢুকে দু' রাকাত তাহিয়্যাতুল-মাসজিদের সালাত আদায়ের দায়িত্বটুকুও আদায় হয়ে যাবে।

আবু কাতাদা রাদিয়াল্লাহ্ আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেন, «إِذَا دَخَلَ أَحَدُكُمُ الْمَسْجِدَ فَلَا يَجْلِسْ حَتَّى يُصَلِّيَ رَكْعَتَيْنِ».

"যখন তোমাদের কেউ মসজিদে প্রবেশ করে তখন সে যেন অন্ততপক্ষে দু' রাকাত তাহিয়্যাতুল-মাসজিদের সালাত আদায় না করে না বসে"।[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ৪৪; সহীহ মুসলিম, হাদীস নং ৭১৪।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10761

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন